বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ০২২২২২৪০১৮৯, ৪৮১২২৯৮৭, ২২২২৪০১৪৪
Email: brgewa@gmail.com
Web : brgewa.com

## পেনশনভোগী সদস্যগণের সন্তানের শিক্ষাবৃত্তির জন্য আবেদনের নীতিমালা

০১। কেন্দ্রীয়/জেলা শাখা সমিতির বৈধ সদস্যগণ একজন সন্তানের শিক্ষাবৃত্তির জন্য এক অর্থবছরে একবার আবেদন করতে পারবেন ;

০২। শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরম **'ক'** পূরণ করে আবেদন করতে হবে ;

০৩। যে সকল পেনশনভোগী কেন্দ্রীয় সমিতি/জেলা শাখার বৈধ সদস্য এবং যাঁদের মাসিক পেনশন অথবা একটি নীট উৎসব ভাতার পরিমাণ অনধিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, কেবল তাঁরা একজন সন্তানের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন ; এছাড়া আবেদনকারী ছাত্র/ছাত্রীদের পিতা/মাতা সাধারণ সদস্য হলে হালনাগাদ বার্ষিক চাঁদা পরিশোধের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ;

০৪। যে সকল ছাত্র-ছাত্রী এসএসসি বা সমপর্যায়ের পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেয়েছেন তাঁরা শিক্ষাবৃত্তি পাওয়ার জন্য আবেদন করতে পারবেন ;

০৫। এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষাবৃত্তি প্রাপ্তির পর এইচএসসি ও তৎপরবর্তী পর্যায়ের পরীক্ষাসমূহে কমপক্ষে জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীগণের শিক্ষাবৃত্তির প্রাপ্যতা অব্যাহত থাকবে ;

০৬। আবেদনের সংগে পরীক্ষার পাশের মূল/প্রভিশনাল সনদপত্রের এবং মূল মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। একই সাথে ছাত্র/ছাত্রী হিসেবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক অধ্যয়নের/ভর্তির তারিখসহ মূল প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে ;

০৭। পূর্বে শিক্ষাবৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের মধ্যে এ নীতিমালা মোতাবেক বৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য শিক্ষার্থীদের নাম তালিকার প্রথম দিকে লিপিবদ্ধ করে নতুন আবেদনকারীদের নাম পরে দিতে হবে ;

০৮। শিক্ষাবৃত্তি খাত হতে একজন শিক্ষার্থীকে এইচএসসি পর্যায়ে দু' বছর, ডিগ্রি পাস কোর্সের জন্য তিন বছর, অনার্স কোর্সের জন্য চার বছর, পাস কোর্স ডিগ্রিধারীদের ক্ষেত্রে মাস্টার্স পড়ার জন্য দু' বছর, অনার্স ডিগ্রিধারীদের ক্ষেত্রে মাস্টার্স পড়ার জন্য এক বছর বৃত্তি প্রদান করা হবে। অন্যান্য ডিগ্রির জন্য সংশ্লিষ্ট কোর্সের মেয়াদ প্রযোজ্য হবে। **উল্লেখ্য, কোন প্রাইভেট পরীক্ষার্থী/ অনিয়মিত শিক্ষার্থী অথবা উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী এই নীতিমালা অনুযায়ী শিক্ষাবৃত্তি প্রাপ্য হবেন না ;**

০৯। এইচএসসি/সমমানের ছাত্র/ছাত্রীর উভয়ের ক্ষেত্রে জনপ্রতি সর্বোচ্চ ৮,০০০/-(আট হাজার) টাকা এবং ডিগ্রী/অনার্স/মাস্টার্স / সমমানের ছাত্র/ছাত্রীর ক্ষেত্রে জনপ্রতি সর্বোচ্চ ১২,০০০/- (বার হাজার) টাঁকা প্রাপ্ত হবেন ;

১০। বিবাহিত অথবা চাকরিজীবী সন্তান শিক্ষাবৃত্তি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না ;

১১। সন্তানের শিক্ষাবৃত্তির জন্য আবেদনকারী সদস্যগণ সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি এবং জটিল ও ব্যয়বহুল রোগের সাহায্যের নিমিত্ত আবেদন করতে পারবেন; কিন্তু এককালীন অনুদানের জন্য আবেদন করতে পারবেন না; এবং

১২। জেলা শাখা সমিতির প্রেরিত শিক্ষাবৃত্তির আবেদনের তালিকার ক্রমিক নং কেন্দ্রীয় সমিতি প্রয়োজনবোধে পরিবর্তন করতে পারবে।

সংযুক্তি: ১। শিক্ষাবৃত্তির আবেদনের ফরম ০১টি।

২০/৮/২৫
প্রশাসক/মহাসচিব

ক্রমিক নং- ফরম নং - ক


বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ০২২২২২৪০১৮৯, ৪৮১২২৯৮৭, ২২২২৪০১৪৪
Email: brgewa@gmail.com
Web : brgewa.com


বরাবর
প্রশাসক/মহাসচিব
বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি, ঢাকা।

**কেন্দ্রীয় সমিতি, ঢাকা**

**বিষয় ঃ- পেনশনভোগী সদস্যগণের সন্তানের শিক্ষাবৃত্তির জন্য আবেদনপত্র।**

| |
|---|
| পেনশনার সদস্যের ছবি |

০১। ক) আবেদনকারী সদস্যের নাম ঃ

খ) সদস্যের ধরন ও সদস্য নং ঃ

গ) মোবাইল নং ঃ

| |
|---|
| সন্তানের (ছাত্র/ছাত্রীর) ছবি |

০২। ক) শিক্ষার্থী সন্তানের নাম ঃ

খ) জন্ম তারিখ ঃ

গ) মোবাইল নং (যদি থাকে) ঃ

ঘ) বৈবাহিক অবস্থা ঃ

ঙ) চাকরিজীবী কিনা ঃ

০৩। আবেদনকারী/মূল চাকরিজীবী যে পদ হতে অবসর গ্রহণ করেছেন ঃ

০৪। আবেদনকারী/ মূল চাকরিজীবীর সর্বশেষ কর্মস্থল ঃ

০৫। অবসর গ্রহণের তারিখ, পিপিও নম্বর ও তারিখঃ

০৬। চিকিৎসা ভাতা ব্যতীত মাসিক নীট পেনশনের পরিমাণ ঃ
(পেনশন বইয়ের এতদসংক্রান্ত পৃষ্ঠার ফটোকপি সংযুক্ত করতে হবে)

০৭। যারা এককালীন আনুতোষিক গ্রহণ করেছেন তাঁদের ক্ষেত্রে একটি উৎসব ভাতার পরিমাণ ঃ
(পেনশন বইয়ের এতদসংক্রান্ত পৃষ্ঠার ফটোকপি সংযুক্ত করতে হবে)।

০৮। আবেদনকারী সমিতির সাধারণ সদস্য হলে হালনাগাদ চাঁদা পরিশোধের প্রমাণক ঃ
(রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে)

০৯। **ঠিকানা ঃ**

ক) বর্তমান ঠিকানা ঃ গ্রাম/সড়ক ঃ ডাকঘর ঃ

উপজেলা/থানা ঃ জেলা ঃ

খ) স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/সড়ক ঃ ডাকঘর ঃ

উপজেলা/থানা ঃ জেলা ঃ

১০। যে ছাত্র/ছাত্রীর জন্য আবেদন করা হয়েছে তার উত্তীর্ণ পরীক্ষার তথ্যাদি ঃ

| ক্রমিক নং | পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সন | প্রাপ্ত জিপিএ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১১। আবেদনকারীর সন্তানের শিক্ষা সংক্রান্ত তথ্যাদি

(ক) অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

(খ) অধ্যয়নরত শ্রেণী ও বিষয়ের নাম ঃ

(গ) অধ্যয়নরত শ্রেণী/কোর্সে ভর্তির তারিখ ঃ

(ঘ) অধ্যয়নরত কোর্সের বর্ষ/অধ্যায়নরত সেমিস্টার ঃ

(ঙ অধ্যয়নরত কোর্সের রেজিস্ট্রেশন নম্বর ঃ

(চ) বিগত বৎসরসমূহে কেন্দ্রীয় সমিতি হতে শিক্ষাবৃত্তি পেয়েছেন কিনা;
পেয়ে থাকলে কোন সনে কত টাকা পেয়েছেন ঃ

১২। আবেদনকারীর পেনশন ব্যতীত অন্যান্য খাত হতে বার্ষিক আয়ের পরিমাণ (যদি থাকে) ঃ

১৩। আমি ঘোষণা করছি যে, দরখাস্তে প্রদত্ত তথ্যাদি সত্য এবং আমি আমার একজন অবিবাহিত ও বেকার সন্তানের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করছি।

.............................................
ছাত্র/ছাত্রীর স্বাক্ষর
মোবাইল নং- ................................

.............................................
আবেদনকারীর নাম ও স্বাক্ষর
মোবাইল নং- ................................

---

বিঃদ্রঃ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ঃ

ক) এসএসসি, এইচএসসি ও সমমানসহ সংশ্লিষ্ট উচ্চতর পরীক্ষা পাশের সার্টিফিকেট ও মার্কশিটের সত্যায়িত কপি।

খ) অধ্যয়নরত ছাত্র/ছাত্রী সম্পর্কিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত কোর্সের নাম, মেয়াদ ভর্তির তারিখসহ মূল প্রত্যয়নপত্র।

গ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঘ) আবেদনকারীর ১ কপি ও শিক্ষার্থীর ১ কপি পাসপোর্ট সাইজের ছবি।